**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 19-02-2026** **Time : 1-40 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১/ নতুন দিল্লির ভারত মণ্ডপমে INDIA AI ইমপ্যাক্ট শিখর সম্মেলনের উদ্বোধন করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, ভারত বিশ্বের মধ্যে সর্ববৃহৎ প্রযুক্তির কেন্দ্র হয়ে উঠেছে।

২/ সুন্দরবনের উপকূল অঞ্চলে ভূমিক্ষয় রোধের বিষয়ে জাতীয় পরিবেশ আদালত, উল্লেখযোগ্য কিছু পদক্ষেপ গ্রহণ করেছে।

৩/ পুরুলিয়ার কোপুর এলাকায় একটি বাড়িতে অগ্নিকান্ডে জঙ্গী যোগের অভিযোগ তুলে বিজেপি সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো, NIA তদন্তের দাবি জানিয়েছেন।

৪/ চিরাচরিত ধর্মীয় মর্যাদায় আজ ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের ১৯১-তম জন্মতিথি উদযাপিত হচ্ছে। # আজ শুরু হয়েছে পবিত্র রমজান মাস।

৫/ RG KAR কান্ডে পুলিশ আধিকারিক অনুপ দত্তকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করার আবেদন সংক্রান্ত মামলার আজ শিয়ালদা আদালতে শুনানি হতে পারে।

৬) বাতাসের গতি প্রকৃতি বদলাতে শুরু করায়, রাজ্য জুড়ে তাপমাত্রা ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে।

*************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত কেবলমাত্র নতুন প্রযুক্তি উদ্ভাবনই করে না তা, দ্রুত কাজে লাগায়। আজ সকালে নতুন দিল্লির ভারত মণ্ডপমে কৃত্রিম মেধা বিষয়ক INDIA AI ইমপ্যাক্ট SUMMIT-এর উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন, ভারত বিশ্বের মধ্যে সর্ববৃহৎ প্রযুক্তির কেন্দ্র হয়ে উঠেছে। তিনি বলেন, কৃত্রিম মেধা প্রযুক্তি মানবেতিহাসে রূপান্তর আনতে চলেছে। এই প্রযুক্তি, সভ্যতার মোড় ঘুরিয়ে দিতে পারে বলে মন্তব্য করেন। তিনি AI প্রযুক্তিকে কাজে লাগিয়ে অন্তর্ভুক্তি এবং ক্ষমতায়নের হাতিয়ার হিসেবে একে ব্যবহারের ওপর জোর দেন।

ভারতের উদ্ভাবনী দক্ষতা এবং কৃষিসহ সমাজের সর্ব ক্ষেত্রে এই প্রযুক্তি ব্যবহারের ওপর জোর দেন।

*************************************************************************

রাজ্য সরকারের বিরুদ্ধে ভুয়ো জন্ম সার্টিফিকেট ব্যবহার করে ভোটার তালিকায় নাম তোলার অভিযোগ করেছে বিজেপি। সামাজিক মাধ্যমে এক পোস্টে বিজেপি নেতা অমিত মালব্য দক্ষিণ ২৪ পরগণার মগরাহাটের বাসিন্দা এক ব্যক্তির জন্মের শংসাপত্রের ছবি পোস্ট করেছেন, সেখানে দেখা গেছে, হাফিজুর রহমান হালদার নামে ঐ ব্যক্তির জন্মের দু মাস আগেই শংসাপত্র তৈরি করা হয়েছে।

এদিকে, পূর্ব মেদিনীপুরের পাশকুরা পশ্চিম বিধানসভায় ভোটারের নথিতে গড়মিল থাকার পরেও ইআরও ছাড়পত্র দেওয়ায় এসআইআর প্রক্রিয়ার স্বচ্ছতা নিয়ে প্রশ্ন উঠেছে। এসআইআর-এর নথি খতিয়ে দেখার সময়ে পর্যবেক্ষকদের নজরে আসে রাজেশ আলি নামে ব্যক্তির বাবার নাম রয়েছে ভুবন চন্দ্র বেড়া। যদিও এর প্রমাণ হিসাবে কোনো নথি আপলোড করা হয়নি। বিষয়টি নিয়ে নির্বাচন কমিশনকে পর্যবেক্ষকরা রিপোর্ট পাঠাচ্ছেন।

*************************************************************************

তৃণমূল কংগ্রেস পশ্চিমবঙ্গে বিজেপিকে ভয় পাচ্ছে আর সেই কারণেই বিজেপির নেতা কর্মীদের উপর বিনা প্ররোচনায় আক্রমণ চালানো হচ্ছে বলে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। মিনাখাঁ বিধানসভার এক নম্বর মণ্ডল-এর বামনপুকুর বিজেপি কার্যালয়ে একটি সাংগঠনিক বৈঠক চলাকালীন, সেই এলাকার তৃণমূল কংগ্রেসের ব্লক সভাপতি সাইফুদ্দিন মোল্লা ও পঞ্চায়েত সদস্য শরীফ শেখের নেতৃত্বে একদল দুষ্কৃতী বিজেপি কার্যালয়ে হামলা চালায়। সভায় যোগ দিতে আসা বিজেপি কর্মীদের ব্যাপক মারধর ও বাইক ভাঙচুর করা হয়েছে এবং এর মধ্যে দু'জন বিজেপি কর্মী গুরুতর আহত হয়েছেন বলেও শ্রী অধিকারী জানান। পুলিশের তরফ থেকেও কোনও সহযোগিতা পাওয়া যায়নি বলেও অভিযোগ করেছেন তিনি।

*************************************************************************

আজকের প্রসঙ্গে এবারের বিষয় বিকশিত ভারতের লক্ষ্যে সুস্থ দেশ গড়ে তুলতে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্স-এর ভূমিকা। এইমস কল্যাণীর মেডিক্যাল সুপারিনটেনডেন্ট এবং চক্ষু চিকিৎসা বিভাগের প্রধান, প্রফেসর ডঃ মহুয়া চট্টোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছেন কাশফির নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির শেষ পর্ব শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার ২২শে ফেব্রুয়ারী আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব। আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

**********************************************************************

RG KAR কান্ডে পুলিশ কর্মী অনুপ দত্তকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করার আবেদন সংক্রান্ত মামলার শিয়ালদা ACJM আদালতে আজ শুনানি হতে পারে।

নির্যাতিতার বাবা মা এই ঘটনায় অনুপ দত্তকে কেনো যথাযথ ভাবে জিজ্ঞাসাবাদ করা হয়নি তা নিয়ে প্রশ্ন তুলেছেন। একই সঙ্গে এই ঘটনায় যে সমস্ত পলিগ্রাফ টেস্ট হয়েছে তা নিয়েও সন্দেহ প্রকাশ করেছেন তারা। তারা এই দাবি ও করেন তাদের একমাত্র মেয়ের নৃশংস মৃত্যুর জন্য যে বৃহত্তর ষড়যন্ত্র রয়েছে, সি বি আই টা তদন্ত করতে ব্যর্থ হয়েছে।

এদিকে, অভয়ার বাবা, মা বিচার চাইতে আজ শিয়ালদা কোর্টে নাগরিক জমায়েতের ডাক দিয়েছেন।

**********************************************************************

পুরুলিয়ার বঙ্গাবাড়ি সংলগ্ন কর্পূর এলাকায় একটি বাড়িতে বিস্ফোরণ সহ অগ্নিকান্ডে বাংলাদেশী জঙ্গী যোগের অভিযোগ তুলে বিজেপি সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো এনআইএ তদন্তের দাবি জানিয়েছেন। ঐ ঘটনায় দুজন আহত হন। আজ ঘটনাস্থল পরিদর্শনে গিয়ে শ্রী মাহাতো অভিযোগ করেন, বাজি কারখানার আড়ালে ভোটের আগে বোমা মজুত করা হচ্ছিল।

( বাইট- জ্যোতির্ময় সিং )

স্থানীয় সূত্রে জানা গেছে, গতকাল বিকেলে ওয়েল্ডিং-এর কাজ করার সময়ে অসাবধানতা বশত মজুত রাখা বাজিতে আগুন ধরে যায়। মুহূর্তের মধ্যে শুরু হয় বিস্ফোরণ। স্থানীয় এক সাংবাদিক আনন্দ বিহানি নিজের জীবন বিপন্ন করে বাড়ির মালিক নিশীথ বন্দ্যোপাধ্যায়কে উদ্ধার করেন। আহত হন গৌতম সহিস নামে আরও একজন। পুলিশ অবৈধভাবে বাজি তৈরির কথা জানলেও কোনো উদ্যোগ নেয়নি বলে স্থানীয় বাসিন্দাদের অভিযোগ।

**********************************************************************

দক্ষিণ ২৪ পরগণার নরেন্দ্রপুরের নাজিরাবাদের বিধ্বংসী অগ্নিকাণ্ডে উদ্ধার দেহাংশগুলির DNA পরীক্ষার রিপোর্ট এসেছে।

পুলিশ সূত্রে জানা গেছে, এখনও পর্যন্ত ১৮ জনের ডিএনএ ম্যাচিং সম্পন্ন হয়েছে। অগ্নিকাণ্ডের পর ঘটনাস্থল থেকে মোট ২৭ জনের দেহাংশ উদ্ধার করা হয়েছিল। মৃতদের পরিচয় নিশ্চিত করতে সব নমুনা পরীক্ষার জন্য পাঠানো হয়। পাশাপাশি নিখোঁজ শ্রমিকদের পরিবারের সদস্যদের DNA নমুনাও সংগ্রহ করা হয়েছিল মিলিয়ে

দেখার জন্য। দীর্ঘ প্রতীক্ষার পর রিপোর্ট আসায় প্রশাসন মৃতদের পরিচয় চূড়ান্ত করার প্রক্রিয়া শুরু করেছে। বারুইপুর পুলিশ জেলার পক্ষ থেকে জানানো হয়েছে, দ্রুত সংশ্লিষ্ট পরিবারের হাতে ডিএনএ ম্যাচিংয়ের রিপোর্ট তুলে দেওয়া হবে। বাকি নমুনার পরীক্ষার কাজও চলছে বলে পুলিশ জানিয়েছে।

************************************************************************

দক্ষিণ ২৪ পরগনার পানিহাটি ধানকল মোড়ের কাছে আজ বিটি রোডে এক পথ দুর্ঘটনায় একজনের মৃত্যু হয়েছে। আহত আরো চারজন।

জানা গেছে, ব্যারাকপুরগামী একটি বাস, দ্রুতগতিতে যাওয়ার সময় একটি দাঁড়িয়ে থাকা কন্টেনারকে ধাক্কা মারে। সেটির ধাক্কায় এক সাইকেল ও বাইক আরোহী, বাসের তলায় পড়ে যান। ঘটনাস্থলেই একজনের মৃত্যু হয়। তাঁর পরিচয় এখনো জানা যায়নি। আহতদের কামারহাটি সাগর দত্ত হাসপাতালে ভর্তি করা হয়েছে।

************************************************************************

চিরাচরিত ধর্মীয় মর্যাদায় আজ ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের ১৯১ তম জন্মতিথি উদযাপিত হচ্ছে। বেলুড় মঠে আজ ভোরে মঙ্গল আরতি ও ঊষা কীর্তনের মধ্যে দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। চলছে বিশেষ পুজো পাঠ। রামকৃষ্ণ দেবের জীবনাদর্শ ও বাণী আলোচনা সহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সকাল থেকেই সেখানে ভক্তদের ভিড়। বিকাল সাড়ে তিনটেয় রয়েছে ধর্মসভা। মূল মন্দিরে সন্ধ্যারতির মাধ্যমে এই অনুষ্ঠানের সমাপ্তি হবে।

শ্রী রামকৃষ্ণ দেবের জন্মস্থান কামারপুকুরে আজ শুরু হয়েছে তিনদিনব্যাপী আবির্ভাব উৎসব। রামকৃষ্ণ মঠ ও মিশনের সমস্ত শাখা এবং সারদা মঠ মিশনের কেন্দ্রেও এই উপলক্ষ্যে চলছে বিশেষ পুজার্চনা।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, শ্রী রামকৃষ্ণ পরমহংসদেবের জন্মতিথিতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

এদিকে, আজ থেকেই শুরু হয়েছে পবিত্র রমজান মাস।

************************************************************************

স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক কলকাতা প্রত্যাবর্তন ১২৯-তম দিবস উপলক্ষে তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের জন্য পূর্ব রেল এবারেও বজবজ স্টেশন থেকে শিয়ালদা স্টেশন আজ একটি বিশেষ ট্রেন চালাচ্ছে। সকাল ৯ টা ৫৫ মিনিটে বজবজ স্টেশন থেকে ট্রেনটি ছেড়ে ১০ টা ৫২ মিনিটে শিয়ালদায় পৌঁছয়।

উল্লেখ্য, আমেরিকার শিকাগোতে বিশ্ব ধর্ম সম্মেলনে ঐতিহাসিক বক্তৃতা শেষে স্বামীজি দেশে ফেরার পথে মাদ্রাজ হয়ে জাহাজে বজবজে পৌঁছন। পরদিন উনিশে ফেব্রুয়ারি বজবজ থেকে তার অনুগামীদের নিয়ে ট্রেনে শিয়ালদা পৌঁছন স্বামীজি।

***********************************************************************

বাতাসের গতিপ্রকৃতি বদলাতে শুরু করার জন্য রাজ্য জুড়ে ধীরে ধীরে তাপমাত্রা বাড়ছে। আগামী ৪/৫ দিন রাজ্যে শুষ্ক আবহাওয়া বজায় থাকবে। এরপর ২৪ তারিখ নাগাদ কোথাও কোথাও মেঘলা আকাশ এবং পূর্ব মেদিনীপুর জেলায় হালকা বৃষ্টি হতে পারে বলে  আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

( বাইট- হাবিবুর রহমান বিশ্বাস )

এদিকে, আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ১ দশমিক ৭ ডিগ্রি কম।

***********************************************************************

ইডেনে আজ টি টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটে ওয়েস্ট ইন্ডিজ,ইতালির সামনে জয়ের জন্য ১৬৬ রানের লক্ষ্য রেখেছে। টসে জিতে ইতালি,ওয়েস্ট ইন্ডিজকে ব্যাট করতে পাঠায়। ওয়েস্ট ইন্ডিজ নির্ধারিত ২০ ওভারে ছয় উইকেটে ১৬৫ রান করেছে। অধিনায়ক সাই হোপ ৭৫ রান করেছেন।

শেষ পাওয়া খবরে  ইতালি ১১ ওভারে ৪ উইকেট হারিয়ে ৭২ রান করেছে।

***********************************************************************